

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



সংবাদ বিজ্ঞপ্তি

যুক্তরাষ্ট্র সরকারের খাদ্য সহায়তা নিয়ে “ফিলাডেলফিয়া” চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে

স্কলগামী শিশু এবং ঘূর্ণিঝড় সিডর আক্রান্তদের জন্য খাদ্য হিসেবে ২৬ হাজার মেট্রিক টন গম

ঢাকা, ৩রা সেপ্টেম্বর -- প্রায় এক কোটি ৭০ লক্ষ ডলার মূল্যমানের যুক্তরাষ্ট্র সরকারের আরো একটি খাদ্য সাহায্যের চালান নিয়ে “আইটিবি ফিলাডেলফিয়া” নামে যুক্তরাষ্ট্রের একটি জাহাজ গত ১লা সেপ্টেম্বর চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। ছাব্বিশ হাজার মেট্রিক টন গমের এই চালান জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) জাতীয় স্কুল ফিডিং কর্মসূচি এবং সিডর আক্রান্ত এলাকায় হতদরিদ্রদের জন্য খাদ্য নিশ্চিতকল্পে ব্যবহার করা হবে।

এই চালানের (১৪,৮৮৭ মেট্রিক টন) অর্ধেকের বেশি গম সাধারণ খাদ্য বিতরণ কর্মসূচি এবং ‘কাজের বিনিময়ে খাদ্য’ কর্মসূচির মাধ্যমে ঘূর্ণিঝড় সিডর-এ ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সাহায্যার্থে ব্যবহার করা হবে। এই খাদ্য সহায়তা ঘূর্ণিঝড় সিডরে সর্বাধিক ক্ষতিগ্রস্ত বারোটি জেলার ১৫ লক্ষ মানুষের জন্য খাদ্য প্রাপ্তি নিশ্চিত করবে। চালানের বাকি গম পুষ্টিকর হাই এনার্জি বিস্কুট উৎপাদনে ব্যবহৃত হবে। এই বিস্কুট প্রাথমিক বিদ্যালয়ের প্রায় তিন লক্ষ পঞ্চাশ হাজার ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা হবে। বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মরিয়ান্ট চলতি বছরের মে মাসে যে অতিরিক্ত চার কোটি ডলার সমপরিমাণ খাদ্য সাহায্যের ঘোষণা দিয়েছিলেন এই খাদ্য চালান তারই অংশবিশেষ। যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) এবং যুক্তরাষ্ট্র কৃষি দফতরের (ইউএসডিএ) মাধ্যমে যুক্তরাষ্ট্র সরকারের এই সহায়তা পরিচালিত হয়ে থাকে। ঘূর্ণিঝড় সিডর আক্রান্ত এলাকায় ক্ষতিগ্রস্তদের জন্য প্রদত্ত এই খাদ্য ত্রাণ ‘ডব্লিউএফপি’র খাদ্য নিরাপত্তা মূল্যায়নের ভিত্তিতে দেওয়া হচ্ছে।

যুক্তরাষ্ট্র সরকার ২০০৮ সালে বাংলাদেশকে ১৭ কোটি ৬০ লক্ষ ডলার উন্নয়ন সহায়তা প্রদান করবে। ১৯৭১ থেকে এ পর্যন্ত যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশকে পাঁচশ’ কোটি ডলারের বেশি উন্নয়ন সহায়তা প্রদান করেছে, যার অর্ধেকেরও বেশি দেয়া হয়েছে খাদ্য ত্রাণ হিসেবে। যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশকে যে সব ক্ষেত্রে সহায়তা প্রদান করে থাকে সেগুলোর মধ্যে রয়েছে অবাধ, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য নির্বাচন এবং অধিকতর স্বচ্ছ ও জবাবদিহিমূলক শাসনব্যবস্থা গড়ে তোলায় সহায়তা; একটি অধিকতর শিক্ষিত, সুস্থতর এবং অধিকতর জনগোষ্ঠী গড়ে তুলতে সহায়তা; সুসম অর্থনৈতিক প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক সুযোগ-সুবিধা বাড়াতে তহবিল যোগানো; খাদ্য সহায়তা; এবং দুর্যোগ প্রশমনে সহায়তা।

=====

জিআর/২০০৮

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



সংবাদ বিজ্ঞপ্তি

দ্রষ্টব্য: এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।